

শ্যামনগরের বন্ধ জুটমিল খোলার দাবি জানাল এআইইউটিইউসি

উত্তর ২৪ পরগণার শ্যামনগরে ওয়েভারলি জুটমিলের মালিক ২১ ফেব্রুয়ারি ভোরে সাসপেনসন অফ ওয়ার্ক নোটিশ দিয়ে কারখানা বন্ধ করে দেন।

ফেব্রুয়ারি মালিকপক্ষ জানিয়েছিল তিন দিনের মধ্যে বেতন দেওয়া হবে। কিন্তু মালিক কারখানার ভিতরে থাকা সমস্ত উৎপাদিত সামগ্রী এই তিন দিনে বিক্রি করে দিয়ে ২১ ফেব্রুয়ারি হঠাৎ কারখানা বন্ধ করে দেয়। ওই দিন এআইইউটিইউসি-র রাজ্য সম্পাদক কমরেড অশোক দাস এক বিবৃতিতে বলেন, ‘মালিক ও সরকারকে অবিলম্বে কারখানা খুলতে হবে ও সমস্ত শ্রমিককে কাজ দিতে হবে এবং বকেয়া প্রাপ্য বেতন ও

ফলে প্রায় ৩ হাজার শ্রমিক কাজ হারান। মালিকের এই স্বৈচ্ছাচারী নোটিশ দেখে বিক্ষোভে ফেটে পড়েন শ্রমিকরা। গেটের সামনে তাঁরা বিক্ষোভ দেখাতে শুরু করেন এবং ঘোষণা দেওয়া অবরোধ করেন।

মিলের মালিক খুবই সূচতুরভাবে এই কাজ করেছে প্রশাসন ও তথাকথিত বৃহৎ ট্রেড ইউনিয়নগুলির দালাল নেতাদের সহায়তায়। এই মালিক শ্রমিকদের কাছ থেকে ১৮ কোটি টাকা তুলে পিএফ দপ্তরে জমা দেয়নি। অবসরের পর গ্র্যাচুইটির কয়েক কোটি টাকা শ্রমিকদের দেয়নি। শুধু তাই নয় সাপ্তাহিক বেতনের টাকাও না দিয়ে কারখানা বন্ধ করে দিয়েছে।

কাঁচা পাটের অভাব দেখিয়ে প্রথমে মালিক ২৯ জানুয়ারি লে-অফ ঘোষণা করে। ১২ ফেব্রুয়ারি মিল চালু করলেও শ্রমিকরা বেতন পাননি। ১৮

গ্র্যাচুইটির টাকা অবিলম্বে শ্রমিকদের দিতে হবে। শ্রমিকদের দেওয়া পিএফ-এর টাকা অবিলম্বে পিএফ দপ্তরে জমা করতে হবে।’

২৩ ফেব্রুয়ারি রাজ্য সম্পাদক অশোক দাস, রাজ্য সহসভাপতি ও বেঙ্গল জুটমিল ওয়ার্কার্স ইউনিয়নের রাজ্য সম্পাদক অমল সেন, রাজ্য নেতা বঙ্কিম বেরা, প্রদীপ চৌধুরী, চন্দ্রশেখর চৌধুরী, চটকল শ্রমিক আন্দোলনের বিশিষ্ট নেতা রামজি সিং, করুণ দত্ত সহ ১২ জনের প্রতিনিধি দল বন্ধ কারখানার শ্রমিকদের সাথে দেখা করে তাঁদের সঙ্গে কথা বলেন (ছবি)। সিদ্ধান্ত হয়, শ্রমিকদের স্বাক্ষর সংগ্রহ করে ২৭ ফেব্রুয়ারি ব্যারাকপুর এসডিওতে বিক্ষোভ ও ডেপুটেশন দেওয়া হবে। এই আন্দোলনকে দীর্ঘস্থায়ী ও শক্তিশালী করার জন্য সংগ্রাম কমিটি গঠন করার আহ্বান জানান তাঁরা।

ট্রাম্পের ভারত সফরের প্রতিবাদে কলকাতায় প্রবল বিক্ষোভ

সারা দেশের সাথে কলকাতায় সাজাজ্যবাদী দস্যু মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভারত সফরের প্রতিবাদে বিক্ষোভ দেখানো হয়। ২৪ ফেব্রুয়ারি এসপ্লানেডে বিক্ষোভ সভায় ট্রাম্পের কুশপুতুলে অগ্নিসংযোগ করেন দলের রাজ্য সম্পাদক কমরেড চণ্ডীদাস ভট্টাচার্য

চিটফান্ড প্রতারিতদের রাজ্যপালের কাছে ডেপুটেশন

১০ ফেব্রুয়ারি অল বেঙ্গল চিটফান্ড সাফার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের রাজ্যভিত্তিক কর্মীসভা অনুষ্ঠিত হয় কলকাতার শহিদ মিনার ময়দানে। আমানতকারীদের টাকা ফেরত ও এজেন্টদের সুরক্ষা সহ ৬ দফা দাবিতে রাজ্যপালের কাছে ডেপুটেশন দেওয়া হয়। সংগঠনের রাজ্য সভাপতি রুপম চৌধুরীর নেতৃত্বে মহাদেব কোলে, মনিরুল ইসলাম, আসরাফুল হক ও অশোক মুখার্জী ডেপুটেশনে অংশগ্রহণ করেন। রাজ্যপাল প্রতিশ্রুতি দেন যে, তিনি সমস্যার সমাধান করার জন্য প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে জানাবেন। ১৭ ফেব্রুয়ারি সংগঠনের পক্ষ থেকে ৬ দফা দাবি সংবলিত স্মারকলিপি ই-মেল মারফত প্রধানমন্ত্রীকে পাঠানো হয়।

বোরো চাষের জল চাই তমলুকে চাষীদের পথ অবরোধ

বোরো চাষে জলের দাবিতে পূর্ব মেদিনীপুর জেলার তমলুকব্লকের চাষিরা ১৭ ফেব্রুয়ারি তমলুক-পাঁশকুড়া রাস্তা অবরোধ করেন। এই ব্লকের চাষিরা জলের জন্য পায়রাটুঙ্গি খালের উপর নির্ভরশীল। গত আমন চাষে অতিবৃষ্টি এবং ওই খাল পরিষ্কার না থাকার ফলে ধানের ফলন মার খেয়েছে। পান, ফুলেরও যথেষ্ট ক্ষতি হয়েছে। বোরো ধান চাষ শুরু হয়েছে এখন। কিন্তু পূর্ণিমার কোটাল চলে গেলেও জল ছাড়া হয়নি। মানিকতলায় রাস্তার কাজের নামে হঠাৎ করে খাল ঘিরে দেওয়ায় একটুও জল আসছে না। শ্রীরামপুর বাস স্টপেজের কাছে দুই শতাধিক চাষি রাজ্য সড়ক অবরোধ করেন। পরে পুলিশ প্রশাসন এবং পঞ্চায়েত অফিস থেকে আধিকারিকরা এসে প্রতিশ্রুতি দেন— অতি দ্রুত জল দেওয়া হবে এবং খাল সংস্কারের বিষয়ে কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে একটি সভার আয়োজন করা হবে।

হাসপাতালে চার্জবৃদ্ধির প্রতিবাদ ত্রিপুরায়

ত্রিপুরার বিজেপি সরকার গোবিন্দ বসু হাসপাতালে আই সি ইউ-র ফি বাড়ালো। এর তীব্র প্রতিবাদ করে এস ইউ সি আই (সি) ২০ ফেব্রুয়ারি হাসপাতাল গেটে বিক্ষোভ দেখায়। সুপারকে দেওয়া এক স্মারকপত্রে দাবি জানানো হয়— ১) আইসিইউ ফি প্রত্যাহার করতে হবে, ২) হাসপাতাল কাউন্সিলে জেনেরিক মেডিসিন সরবরাহ করতে হবে, ৩) ওষুধ এবং অপারেশন সরঞ্জাম বিনামূল্যে সরবরাহ করতে হবে ৪) বেড বাড়াতে হবে ৫) ওষুধের মূল্যবৃদ্ধি রোধে সরকারকে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে। ডেপুটেশনে নেতৃত্ব দেন রাজ্য সংগঠনী কমিটির সম্পাদক কমরেড অরুণ ভৌমিক। উপস্থিত ছিলেন রাজ্য সংগঠনী কমিটির সদস্য কমরেডস সুরত চক্রবর্তী এবং সঞ্জয় চৌধুরী।

লক্ষ লক্ষ আদিবাসী ও বনবাসী
মানুষের উচ্ছেদের
সরকারি অপচেষ্টা
প্রতিরোধ করুন